সমকাল

তারিখ ...31 OCT 2018...
পৃষ্ঠা ৪ ... কলাম ২ ...

# স্কুল কমিটির সদস্যদের প্রশিক্ষণ দেবে সরকার

■ সমকাল প্রতিবেদক

দেশের সরকারি প্রাথমিক স্কুলগুলোতে ব্যবস্থাপনা কমিটিগুলোর (এসএমসি) ৭০ থেকে ৮০ ভাগ কার্যকর নয়। কমিটির সদস্যরা শুধু পদ নিয়ে বসে আছেন। অথচ যেসব স্কুলে এসএমসি সক্রিয়, সেসব প্রতিষ্ঠানের শিক্ষার পরিবেশ খুবই ভালো। তাই এসএমসিকে সক্রিয় ও শক্তিশালী করতে আগামী বছর থেকে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। গতকাল রোববার রাজধানীর মিরপুরে কেয়ার বাংলাদেশ আয়োজিত পিসিটিএফআই প্রকল্পের 'শিখন বিনিময় ও সমাপনী সভায়' প্রধান অতিথির বক্তব্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মোহাম্মদ আলমগীর এ তথ্য জানান। হাওর এলাকাগুলোতে প্রাথমিক বিদ্যালয়ের ছুটির ক্যালেন্ডার পরিবর্তন ও পরিমার্জনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে সিলেট বিভাগের উপ-পরিচালককে নির্দেশ দেন তিনি।

অনুষ্ঠানে ডিপিই পরিচালক (পলিসি ও অপারেশন) মো. আনোয়ারুল হক বলেন, প্রশিক্ষণের মাধ্যমে এমএসসিকে সক্রিয় করার পাশাপাশি প্রাথমিক শিক্ষার উন্নয়নে অভিভাবকদেরও প্রশিক্ষণের আওতায় আনতে হবে।'

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ডিপিই উপপরিচালক দেলোয়ার হোসেন, উপপরিচালক (সিলেট বিভাগ) তাহমিনা খাতুন, প্রকল্পের টেকনিক্যাল ম্যানেজার (অ্যাডভোকেসি অ্যান্ড কমিউনিকেশন্স) আবু নাছের মো. ফায়েজ উদ্দিন ও সুনামগঞ্জ জেলার প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. হযরত আলী এবং ৩৬টি প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা পরিষদের সদস্য ও প্রধান শিক্ষকরা। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পিসিটিএফআই প্রকল্পের ভারপ্রাপ্ত টিম লিডার মো. মাহাদী হাসান।